

# 💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৬৫৭

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯২. চাটাইয়ের উপর সালাত আদায় করা

باب الصَّلَاةِ عَلَى الْحَصِيرِ

#### আরবী

حَدَّثَنَا عُبَيْدُ اللهِ بْنُ مُعَاذٍ، حَدَّثَنَا أَبِي، حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ أَنَسِ بْنِ سِيرِينَ، عَنْ أَنَسِ بْنِ مَالِكِ، قَالَ وَاللهِ إِنِّي رَجُلُ ضَخْمٌ \_ وَكَانَ ضَخْمًا \_ لَا مَالِكِ، قَالَ وَاللهِ إِنِّي رَجُلُ ضَخْمٌ \_ وَكَانَ ضَخْمًا \_ لَا أَسْتَطِيعُ أَنْ أُصلِيّ مَعَكَ \_ وَصنَعَ لَهُ طَعَامًا وَدَعَاهُ إِلَى بَيْتِهِ \_ فَصلِّ حَتَّى أَرَاكَ كَيْفَ تُصلِيّ فَأَقْ مُعَكَ \_ وَصنَعَ لَهُ طَعَامًا وَدَعَاهُ إِلَى بَيْتِهِ \_ فَصلِّ حَتَّى أَرَاكَ كَيْفَ تُصلِيّ فَأَقْ مُ فَصليّ مَعَكَ \_ وَصنَعَ لَهُ طَرَفَ حَصييرٍ كَانَ لَهُمْ فَقَامَ فَصلَّى رَكْعَتَيْنِ . قَالَ تُصلِي فَلَانُ بْنُ الْجَارُودِ لأَنَسِ بْنِ مَالِكٍ أَكَانَ يُصلِيّ الضّحَى قَالَ لَمْ أَرَهُ صلَلًى إِلّا يَوْمَئِذٍ .

\_ صحيح: خ دون قوله: (فَصل حَتَّى أَرَاكَ كَيْفَ تُصلِّي فَأَقْتَدِيَ بِكَ)

#### বাংলা

৬৫৭। আনাস ইবনু মালিক (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, জনৈক আনসারী লোক বলল, হে আল্লাহর রসূল! আমি স্থূলদেহী। সেজন্য আপনার সাথে (জামা'আতে) সালাত আদায়ে আমি সক্ষম নই। একদা ঐ লোক রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জন্য খানা তৈয়ার করে তাঁকে তার বাড়িতে যেতে আহবান করল এবং বলল, হে আল্লাহর রসূল! এখানে সালাত আদায় করুন। যেন আমি জেনে নিতে পারি, আপনি কিভাবে সালাত আদায় করেন। অতঃপর আমি সেভাবেই আপনার অনুসরণ করব। অতঃপর লোকেরা তাঁর জন্য একটি বড় চাটাইয়ের একাংশ ধৌত করার পর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাতে দাঁড়িয়ে দু' রাক'আত সালাত আদায় করলেন। ইবনুল জারূদ (রহঃ) আনাস ইবনু মালিক (রাঃ)-কে বললেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কি চাশতের সালাত আদায় করতেন? তিনি বললেন, আমি তাঁকে ঐদিন ছাড়া আর কোনদিন ঐ (সময়) সালাত আদায় করতে দেখিনি![1]

সহীহ: বুখারীতে(এب يَعْ فَأَقْتَديَ بِك) তার কথাটি বাদে।

## **English**



### Anas b. Malik reported:

A man from the Ansar said: I am a corpulent man-and he was (actually) a fat man; I cannot pray along with you. He prepared food for him and invited him to his house. (he said) (please) pray (here) so that I may see how you pray, and then I would follow you. They (the people) washed one side of their mat. He (the prophet) then got up and prayed two Rak'ahs. Ibn al-Jarud asked Anas b. Malik: would he (the prophet) say the forenoon prayer? He replied: I did not see him offering this prayer except that day.

## ফুটনোট

[1] বুখারী (অধ্যায়ঃ অনুঃ যারা উপস্থিত হয়েছে তাদের নিয়েই কি ইমাম সালাত আদায় করবে, হাঃ ৬৭০), তাতে (فَصَلِّ حَتَّى أَرَاكَ كَيْفَ تُصَلِّي فَأَقْتَدِيَ بِك) কথাটি নেই, আহমাদ (৩/১৩০) উভয়ে শু'বাহ সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন